**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর সূচক ৩.৪ এর আওতায় "বেসরকারি সালেসিয়ান সিস্টার্স নার্সিং কলেজ পর্যবেক্ষন ও মানোন্নয়ন" কমিটির পর্যবেক্ষণ ও পরিদর্শন কার্যক্রমের প্রতিবেদন**

গত ২৯-১২-২০২২ খ্রি. তারিখে অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) ও সভাপতি 'বেসরকারি সালেসিয়ান সিস্টার্স নার্সিং কলেজ পর্যবেক্ষণ ও মানোন্নয়ন কমিটি' এর এর নির্দেশনায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ফোকাল পারসন এবং উক্ত কমিটির সদস্য জনাব আবু নূর মোঃ শামসুজ্জামান ,যুগ্মসচিব এর নেতৃত্বে গঠিত কমিটি বেসরকারি সালেসিয়ান সিস্টার্স নার্সিং কলেজ পরিদর্শন করেন। পরিদর্শন শেষে গত ০৩-০৯-২০২২ খ্রি. তারিখে "বেসরকারি সালেসিয়ান সিস্টার্স নার্সিং কলেজ পর্যবেক্ষণ ও মানোন্নয়ন" শীর্ষক কার্যক্রম সরেজমিনে পরিদর্শন পূর্বক গৃহীত সিদ্ধান্ত সমূহের যেসব বাস্তবায়ন অগ্রগতি পরীলক্ষিত হয় তা নিম্নরুপ:

১। নির্মাণাধীন ভবনের পাইলিং এর কাজ সম্পন্ন করা হয়েছে এবং কাজ শুরু হয়নি।
২। দুই জন শিক্ষককে নিয়োগ দেয়া হয়েছে । খন্ডকালিন শিক্ষক ০৯ জন সহ সর্বমোট ২১ জন কলেজে শিক্ষাদান করছেন।
৩। শ্রেনিকক্ষের প্রয়োজনীয় আসবাবপত্র ও ল্যাব এর প্রয়োজনীয় উপকরণ ক্রয় করা হয়েছে।
৪। লাইব্রেরীর জন্য বই ক্রয় করা হয়েছে এবং লাইব্রেরীতে আসন সংখ্যা নবনির্মিত ভবনে বৃদ্ধি করা হবে।
৫। বিদ্যু অপচয় রোধে-
   (ক) ছাত্রছাত্রীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মোটিভেশনাল বক্তব্য প্রদান করা হয়েছে।
   (খ) নিদিষ্ট সময়ে ক্লাশ শুরু ও শেষ করা হয়।
   (গ) কলেজে এসি ব্যবহার করা হয় না।
৬। কলেজ ক্যাম্পাস-
   (ক) পরিস্কার পরিচ্ছন্ন রাখা হয়েছে।
   (খ) সৌন্দর্য বর্ধণ করার জন্য মৌসুমি ফুল রোপন করা হয়েছে।
৭। ছাত্র কল্যাণমূলক সংগঠন গঠন করা হয়েছে এবং সর্বমোট ০৯টি দলে ২০ জন করে শিক্ষার্থী রয়েছে। তারা মাসে একবার সভা করে থাকে এবং ছাত্র কল্যাণ তহবিলে তারা মাসিক ১০ টাকা জমা দিয়ে থাকে। (গরীব ছাত্রছাত্রীদের সাহায্যে, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার লক্ষ্যে এবং দ্ররিদ্র শিক্ষার্থীদের কেউ অসুস্থ হলে এই অর্থ খরচ করা হবে) একজন কাউন্সিলার এবং দুইজন সহকারী শিক্ষককে সার্বিক তদারকির দায়িত্ব দেওয়া হয়েছে।
৮। অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে, সহকারী প্রধান অধ্যক্ষকে এর দায়িত্ব প্রদান করা হয়েছে।
৯। সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে।
১০। যৌন হয়রানি প্রতিহত করার লক্ষ্যে মহিলা শিক্ষকদের নিয়ে কমিটি গঠন করা হয়েছে ।
১১। সালেসিয়ান সিস্টার্স নার্সিং কলেজ নামে একটি ওয়েবসাইট খোলা হয়েছে। তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে সিস্টার রুবি চিসিমকে দায়িত্ব দেওয়া হয়েছে।
১২। নিয়মিত ইংরেজী শিক্ষা এবং চর্চার প্রতি গুরুত্ব দেওয়া হচ্ছে।
১৩। নার্সিং পেশার মানদন্ড অনুযায়ী নৈতিক শিক্ষা জোরদার করা হয়েছে।

মন্তব্যঃ

- নির্মাণাধীন ভবনের কাজ দ্রুত শুরু করার জন্য নির্দেশনা প্রদান করা হল।
- একাডেমিক পাঠ্যবই এর পাশাপাশি বাংলাদেশের মুক্তিযুদ্ধ, ইতিহাস, ঐতিহ্য বিষয়ক বই সংগ্রহ করার নির্দেশনা প্রদান করা হয়।
- বিদ্যু অপচয় রোধে গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হল।
- কলেজ ক্যাম্পাস পরিস্কার পরিচ্ছন্ন রাখা এবং সৌন্দর্য বর্ধণ করার জন্য মৌসুমি ফুল রোপন এবং পরিচর্যা অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হল।
- অভিযোগ বাক্স স্থাপন বিষয়ক তথ্য ওয়েবসাইটে প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হল।
- সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে স্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করা হল।
- নিয়মিত ইংরেজী শিক্ষা ,চর্চা এবং নার্সিং পেশার মানদন্ড অনুযায়ী নৈতিক শিক্ষা প্রদান কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হল।

অসম্পন্ন কার্যক্রম সমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহন করে মান সম্মত এবং গুনগত শিক্ষা গ্রহন পরিবেশ নিশ্চিত করনের জন্য সংশিষ্ট সকল কে নির্দেশনা প্রদান করা হয়।

২৯/১২/২২
আবু নূর মোঃ শামসুজ্জামান
যুগ্মসচিব ও ফোকাল পারসন,
শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন / চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৩. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৪. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
০৫. পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা;
০৬. উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৭. সিভিল সার্জন, ময়মনসিংহ;
০৮. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৯. রেজিস্ট্রার, নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা;
১০. অধ্যক্ষ, বেসরকারি সালেসিয়ান সিস্টার্স নার্সিং কলেজ, ময়মনসিংহ;

**অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:**

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৩. অফিস কপি।

২৯/১২/২২
আবু নূর মোঃ শামসুজ্জামান
যুগ্মসচিব ও ফোকাল পারসন,
শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়